

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০০৯৯

শান্তিরবাজার, ১৮ মার্চ, ২০২৩

জোলাইবাড়ি ব্লকে পর্যালোচনা সভায় সমবায় মন্ত্রী

জোলাইবাড়ি ব্লকের নানা উন্নয়নমূলক কাজ নিয়ে গতকাল ব্লকের বিএসি হলে উন্নয়ন কর্মসূচি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সভায় জোলাইবাড়ি ব্লক এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করা হয়। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বিগত দিনের অসমাপ্ত কাজ দ্রুত শেষ করা, আগামীদিনে নানা উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করে মানুষের সমস্যা সমাধানে উদ্যোগ নিতে সরকারি আধিকারিকদের নির্দেশ দেন। সভায় শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, জোলাইবাড়ি বিএসিরি চেয়ারম্যান অশোক মগ, জোলাইবাড়ি ব্লকের অতিরিক্ত বিডিও সুজিত দাস উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ।
